# বাংলাদেশ কৃষি ব্যাংক

আঞ্চলিক কার্যালয়, পটিয়া।

ফোনঃ ০৩০৩৫-৫৬৫২৭ (অফিস)।

ফোনঃ ০৩০৩৫-৫৬৬১৮ (অফিস)।

www.krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

email:rmpatia@krishibank.org.bd


## সভা নং- ০৩ (তিন)
## (সভার কার্যবিবরণী)

অদ্য ০৮/০৩/২০২১ ইং রোজ সোমবার বিকাল ৫.০০ ঘটিকার সময় বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক কার্যালয়, পটিয়া প্রাঙ্গনে মাঠপর্যায়ে শুদ্ধাচার প্রতিষ্টার জন্য গঠিত নৈতিকতা কমিটির ৩য় কমিটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি, আঞ্চলিক ব্যবস্থাপক জনাব লকিত উল্লাহ।

সভায় সভ্যগণের উপস্থিতির স্বাক্ষর ও তারিখঃ-

| ক্রম | সদস্যের নাম | কমিটিতে পদবী | মূল পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| ১ | লকিত উল্লাহ | সভাপতি | আঞ্চলিক ব্যবস্থাপক | |
| ৩ | মোহাম্মদ নাজমুল হক | সদস্য | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | |
| ৪ | নিউটন আচার্য | ফোকাল পয়েন্ট অফিসার | কর্মকর্তা | |

সভার আলোচ্য বিষয়ঃ

০১। জাতীয় শুদ্ধাচার প্রতিষ্ঠার প্রত্যয়ে গঠিত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরনী পাঠ।

০২। কভিড-১৯ এর কারনে অধীনস্থ শাখাসমূহে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি সংক্রান্ত নির্দেশনা কঠোরভাবে পরিপালন।

০৩। কভিড-১৯ এর কারনে সৃষ্ট অর্থনৈতিক বিপর্যয় থেকে উত্তরণের জন্য সরকার ঘোষিত প্রণোদনা যথাযথ খাতে ব্যবহার সংক্রান্ত- আলোচনা ও সিদ্ধান্ত- গ্রহণ।

০৪। অধীনস্থ শাখাসমূহে নৈতিকতা চর্চার উদ্দেশ্যে করনীয় নির্দেশনা প্রদান সংক্রান্ত- আলোচনা ও সিদ্ধান্ত- গ্রহণ।

০৫। সকলের দৃশ্যমান হবার উদ্দেশ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের তথ্য বাতায়নে কমিটির কার্যক্রম আপলোডকরণ।

০৬। বিবিধ।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পবিত্র কোরাণ তেলোয়াতের মাধ্যমে সভার শুরু হয় এবং আলোচ্য বিষয়াবলী নিয়ে বিস্থারিত আলোচনা এবং সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচনা ও সিদ্ধান্তবলীঃ

| সূচী নং | বিষয়বস্তু | আলোচনার বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | জাতীয় শুদ্ধাচার প্রতিষ্ঠার প্রত্যয়ে গঠিত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরনী পাঠ। | সভার শুরুতে সভাপতি সাহেব বর্তমানে স্বাস্থ্য, শিক্ষা, সংস্কৃতিক, অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশগত নৈতিক অবক্ষয়ের চিত্র সকলের সামনে তুলে ধরেন। পাশাপশি সামাজিক অবস্থার উন্নয়নের জন্য নৈতিকতা চর্চার মাধ্যমে আধুনিক ও উন্নতমানের প্রযুক্তি নির্ভর ব্যাংকিং ব্যবস্থা চালু করার মাধ্যমে এলাকার গরীব দুঃখী মানুষের কল্যাণ ও সাংস্কৃতিক উন্নয়নের জন্য জাতীয় শুদ্ধাচার প্রতিষ্ঠার প্রত্যয় ব্যক্ত করেন। এরপর কমিটির সদস্য জনাব মোহাম্মদ নাজমুল হক নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরনী পাঠ করেন। | **বিগত সভার কার্যবিবরনী অনুমোদিত হয়।** | সদস্য জনাব মোহাম্মদ নাজমুল হক, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা। |

08/03/21
(NEWTON)

মোহাম্মদ নাজমুল হক
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
আঞ্চলিক কার্যালয়, পটিয়া।

চলমান- পাতা-২

08/03/21

| সূচী | বিষয়বস্তু | আলোচনার বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০২ | কভিড-১৯ এর কারনে অধীনস্থ শাখাসমূহে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি সংক্রান্ত নির্দেশনা কঠোরভাবে পরিপালন। | কমিটির সদস্য জনাব মোহাম্মদ নাজমুল হক অধীনস্থ শাখাসমূহে কভিড-১৯ এর কারনে শাখার প্রবেশপথে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য করণীয় সংক্রান্ত নোটিশ লাগানো এবং স্বাস্থ্যবিধি সংক্রান্ত সরকারী নির্দেশনা যথাযথভাবে মেনে চলার জন্য গুরুত্ব আরোপ করেন এবং করনীয় সংক্রান্ত সকলের আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহণের আহ্বান জানান। | সরকারী নির্দেশনা মোতাবেক শাখার প্রবেশপথে মাস্ক পরিধান সংক্রান্ত সংযুক্ত শ্লোগান<br>"মাস্ক পরিধান করুন, কৃষি ব্যাংকের সেবা নিন।"<br>"মাস্ক পরিধান করুন, সুস্থ থাকুন।"<br>প্রদর্শন এবং যথাযথভাবে মেনে চলার জন্য শাখা পরিদর্শনকালী তদারকীর জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য জনাব মোহাম্মদ নাজমুল হক, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা। |
| ০৩ | কভিট-১৯ এর কারনে সৃষ্ট অর্থনৈতিক বিপর্যয় থেকে উত্তরণের জন্য সরকার ঘোষিত প্রণোদনা যথাযথ খাতে ব্যবহার সংক্রান্ত-আলোচনা ও সিদ্ধান্ত-গ্রহণ। | ফোকাল পয়েন্ট অফিসার জনাব নিউটন আচার্য জানান, বিশ্বব্যাপী মাহামারী কভিড-১৯ এর কারনে সৃষ্ট অর্থনৈতিক বিপর্যয়ের কারনে দেশে বেকারত্ব মারাত্মকভাবে বেড়ে গেছে। এছাড়াও মার্চের শেষে অথবা আগামী এপ্রিল মাসে লকডাউন হবার সম্ভাবনা আছে। এ থেকে উত্তরণের জন্য সরকার ঘোষিত আর্থিক প্রণোদনা যথাযথ খাতে ব্যবহার হলে দেশের অর্থনৈতিক অগ্রগতি হবে মর্মে বিশদ আলোচনা করেন এবং সিদ্ধান্ত গ্রহনের জন্য কিছু দিক- নির্দেশনা উপস্থাপন করেন। | কমিটির সভ্যগনের আলোচনা শেষে অধীনস্থ শাখাসমূহে এসিডি ঋন, মুজিব বর্ষ এবং অন্যান্য ঋন বিতরন ১০০% অর্জনের সভাপতি মহোদয় সকল কর্মকর্তা / কর্মচারীকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান এবং শাখাসমূহে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য জনাব মোহাম্মদ নাজমুল হক, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা। |
| ০৪ | অধীনস্থ শাখাসমূহে নৈতিকতা চর্চার উদ্দেশ্যে করনীয় নির্দেশনা সংক্রান্ত-আলোচনা ও সিদ্ধান্ত-গ্রহণ। | অর্থনৈতিক কর্মকান্ডের সহিত নৈতিকতা চর্চার গুরুত্ব অপিরিসীম উল্লেখপূর্বক অধীনস্থ শাখাসমূহের করণীয় বিষয়ে আলোচনাপূর্বক সব সভ্য একমত পোষন করে সিদ্ধান্ত গ্রহনের আহ্বান জানান। | অধীনস্থ শাখাসমূহে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিতিতে প্রকাশ্যে ঋন প্রদান, অভিযোগ বাক্স স্থাপন, সেবাগ্রহীতাগনের সেবার লিখিত মতামত গ্রহণ ইত্যাদির ব্যাপারে সব সভ্য ঐকমত্যের ভিত্তিতে সিদ্ধান্ত গৃহিত হয়। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব নিউটন আচার্য। |
| ০৫ | সকলের দৃশ্যমান হবার উদ্দেশ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের তথ্য বাতায়নে কমিটির কার্যক্রম আপলোডকরণ | প্রধান কার্যালয়ের নির্দেশনা এবং অধীনস্থ শাখাসমূহের নৈতিকতার চর্চার উদ্বুদ্ধকরণের জন্য গঠিত কমিটি ইতিমধ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের তথ্য বাতায়নে আপলোড হয়েছে মর্মে ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব নিউটন আচার্য সভায় জানান। | বাংলাদেশ কৃষি ব্যাংকের তথ্য বাতায়নে যথাসময়ে নৈতিকতা কমিটির সকল কর্মকান্ড আপলোড করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব নিউটন আচার্য। |
| ০৬ | বিবিধ। | পরবর্তী সভা যথাসময়ে আয়োজন এবং নৈতিকতার স্খলন হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহন, উত্তম নৈতিকরা জন্য পুরুষ্কার প্রদান এবং গৃহীত সিদ্ধান্তসমূহ যথাময়ে বাস্তবায়নের জন্য সভাপতি মহোদয় গুরুত্ব আরোপ করে আলোচনা করেন। | যথাসময়ে সভা আয়োজন, উত্তম নৈতিকতার জন্য পুরুষ্কার প্রদান এবং নৈতিকতার স্খলন হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহন বিষয়ক গৃহীত সিদ্ধান্তসমূহ সকল শাখাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য জনাব মোহাম্মদ নাজমুল হক, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(নিউটন আচার্য)
কর্মকর্তা
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা

(মোহাম্মদ নাজমুল হক)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
ও
সদস্য

মোহাম্মদ নাজমুল হক
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
আঞ্চলিক কার্যালয়, পটিয়া।

(লকিত উল্লাহ)
আঞ্চলিক ব্যবস্থাপক.
ও
সভাপতি